



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/৫৩(০২)/

তারিখ :

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি।

সূত্র : অধ্যক্ষ মহোদয়ের ০৭-০৫-২০১৬ খ্রি. তারিখে অনলাইনে প্রেরিত (আইডি নং- ৫৬২৬) আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানান যাচ্ছে যে, নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে আপনার কলেজে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৬ হতে ৩০-০৬-২০২১ খ্রি: তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) বছরের জন্য বৃদ্ধি করা হল। এর পরিপ্রেক্ষিতে কলেজের শিক্ষার্থীগণ ২০২২ সাল পর্যন্ত অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিম্ন লিখিত বিভাগ ও এর অন্তর্ভুক্ত নির্দিষ্ট বিষয়গুলির জন্য নিয়মিত শিক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, কলেজের পরবর্তী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি নিম্নোক্ত শর্তাবলী পূরণ এবং অন্যান্য কার্য সমন্ধে সন্তোষজনক রিপোর্টের উপর নির্ভর করবে।

১) **আবশ্যিক বিষয় সমূহ :** বাংলা, ইংরেজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)

২) **নৈর্বাচনিক বিষয় সমূহ :**

- ক) **মানবিক বিভাগ :** পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা, ভূগোল, সমাজ কর্ম, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, - ইসলাম শিক্ষা, এবং অর্থনীতি।
- খ) **ব্যবসায় শিক্ষা বিভাগ :** হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল, ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা এবং সাংগঠনিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা।
- গ) **বিজ্ঞান বিভাগ :** পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান এবং উচ্চতর গণিত।

শর্তাবলী :

- প্রতি বিভাগে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।
- উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।
- শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- কলেজে চতুর্থে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগানো ও পরিচর্যা করতে হবে।
- কলেজে সীমানা প্রাচীর নির্মাণ ও অবকাঠামো উন্নয়ন করতে হবে।
- লাইব্রেরিতে পাঠ সহায়ক বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহসহ কৃতি লেখকদের পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে।
- কলেজের সকল বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে।

৭৩/

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর।

ফোন-০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ

আলহাজ্ব মশিউর রহমান ডিগ্রি কলেজ

ডাক: গান্ধী বাজার, সদর, ঝিনাইদহ।

স্মারক নং- ক/অ/৫৩(০২)/ ৮৬৪৭

তারিখ : ৭/৬/১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

- সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- অফিস নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।